গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : মে ২০২৩ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৯ মে, ২০২৩
সভার সময় : সকাল ১১.১৫ ঘটিকা
সভার স্থান : সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : এপ্রিল,২০২৩

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি ১: **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি ২: **ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ের রাজস্ব প্রশাসনের উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/সংস্কার সংক্রান্ত**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ভূমি মন্ত্রণালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৩৮.২০.০০৬.২২.৬৭ নম্বর স্মারকে মাঠ পর্যায়ের রাজস্ব প্রশাসনের ২০২২-২৩ অর্থবছরে উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিস সমূহের মেরামত/সংস্কারের নিমিত্ত এ জেলার জন্য সর্বমোট =৫১,৪৪,৮৩২/- (একান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত বত্রিশ) টাকা মঞ্জুরি পাওয়া গেছে।

ভূমি মন্ত্রণালয় হতে উল্লিখিত পূর্তকমে মঞ্জুরিকৃত বরাদ্দ এবং সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামের নিকট হতে প্রাপ্ত জরুরি মেরামত/সংস্কারের প্রয়োজন এরুপ অগ্রাধিকারভিত্তিক উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিসের তালিকার পরিপ্রেক্ষিতে নিম্নোক্তভাবে মেরামত/সংস্কারের ব্যয় বিভাজন অনুমোদন করা হয়।

| ক্রঃ নং | উপজেলার নাম | মেরামত/সংস্কারযোগ্য উপজেলা,পৌর ও ইউনিয়ন ভূমি অফিসের নাম | বরাদ্দকৃত অর্থের বিভাজন |
|---|---|---|---|
| ১ | কুড়িগ্রাম সদর | ১। উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর সীমানা প্রাচীর নির্মাণ | ৬,০০,০০০/০০ |
| ২ | নাগেশ্বরী | ১। ইউনিয়ন ভূমি অফিস,গাগলা, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর সীমানা প্রাচীর ও মেইন গেট নির্মাণ | ৮,০০,০০০/০০ |
| ৩ | ভূরুঙ্গামারী | ১। উপজেলা ভূমি অফিস,ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | ২,৫০,০০০/০০ |
| | | ২। ইউনিয়ন ভূমি অফিস, ভূরুঙ্গামারী সদর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | ২,২৫,০০০/০০ |
| | | ৩। ইউনিয়ন ভূমি অফিস, সোনাহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর মেরামত/সংস্কার কাজ | ২,০০,০০০/০০ |
| | | ৪। ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর মেরামত/সংস্কার | ২,০০,০০০/০০ |
| ৪ | রাজারহাট | ১। ইউনিয়ন ভূমি অফিস, ছিনাই, রাজারহাট, কুড়িগ্রাম এর সীমানা প্রচীর নির্মাণ | ২,৭৫,০০০/০০ |
| ৫ | উলিপুর | ১। পৌর ভূমি অফিস, উলিপুর, কুড়িগ্রাম এর দেয়াল মেরামত,মেঝে প্লাস্টারসহ টাইলস ও রুম রংকরণ | ৫০,০০০/০০ |
| | | ২। ইউনিয়ন ভূমি অফিস, দূর্গাপুর, উলিপুর, কুড়িগ্রাম এর অফিস চত্বরের সীমানা প্রাচীর নির্মাণ | ৮,০০,০০০/০০ |
| ৬ | চিলমারী | ১। উপজেলা ভূমি অফিস,চিলমারী, কুড়িগ্রাম এর গোল ঘর নির্মাণ,বটতলা চত্বর এবং অফিস ভবনের সীমানা প্রাচীর নির্মাণ | ৯,০০,০০০/০০ |
| ৭ | রৌমারী | ১। ইউনিয়ন ভূমি অফিস, দাতভাঙ্গা, রৌমারী,কুড়িগ্রাম এর অফিস মেরামত | ৬,০০,০০০/০০ |
| ৮ | ফুলবাড়ী | ১। উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার কাজ | ২,৪৪,৮৩২/০০ |
| | | সর্বমোট= | ৫১,৪৪,৮৩২/০০ |

উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার,কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম জানান প্রাপ্ত মেরামত/সংস্কার কাজের জন্য প্রযোজ্য বিধি মোতাবেক দরপত্র আহবান করা হয়। সে প্রেক্ষিতে ঠিকাদার নিয়োগ করা হয়েছে এবং মেরামত/সংস্কার কাজসমূহ চলছে।

আলোচ্যসূচি ৩: **বিবিধ**

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম জানান সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখঃ ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় নির্মিতব্য উপজেলা ভূমি অফিস,পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস এর মেরামত/সংস্কার কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম, রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয় ।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ,২০০৬ এবং পিপিআর,২০০৮(সর্বশেষ সংশোধনী) অনুসরণসহ যাবতীয় অর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম |
| ২। মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/কর্মসূচির (যদি থাকে) ব্যয়ের সাথে দ্বৈততা পরিহার করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| ৩। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম।<br>৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| ৪। বরাদ্দকৃত অর্থ দ্বারা মেরামত/সংস্কার কাজ যথাযথভাবে সম্পন্ন করে কাজ সমাপ্তির প্রতিবেদনসহ জেলা প্রশাসক,কুড়িগ্রাম বরাবর বিল দাখিল করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় ভূমি সেবা প্রদানে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর
আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ৮১১ (২৭)

তারিখ : ০৪ আষাঢ়,১৪৩০
১৮ জুন,২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,রংপুর বিভাগ, রংপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম।
৬। উপজেলা নির্বাহী অফিসার,................................,(সকল), কুড়িগ্রাম।
৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
৮। সহকারী কমিশনার (ভূমি),,..............................,(সকল)কুড়িগ্রাম।
৯। জেলা একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম।
১০। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি ।

১৮/৬/২৩
জেলা প্রশাসক
কুড়িগ্রাম